

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## (৭) আব্দুল্লাহ বিন মাসঊদ (عَبْدُ اللهِ بْنُ مَسْعُودِ)

উরওয়া বিন যুবায়ের স্বীয় পিতা যুবায়ের ইবনুল 'আওয়াম (রাঃ) হ'তে বর্ণনা করেন, তিনি বলেন যে, আন্দুল্লাহ বিন মাসউদ (রাঃ) ছিলেন প্রথম ব্যক্তি, যিনি রাস্লুল্লাহ (ছাঃ)-এর পরে মক্কায় কাফেরদের সম্মুখে প্রথম প্রকাশ্যে কুরআন পাঠ করেন। তিনি বলেন, আল্লাহর রাস্লের ছাহাবীগণ একদিন একত্রিত হয়ে বললেন, আল্লাহর কসম! কুরায়েশরা কখনো প্রকাশ্যে কুরআন শুনেনি। অতএব কে আছে যে তাদেরকে কুরআন শুনাতে পারে? তখন আন্দুল্লাহ ইবনু মাসউদ বললেন, আমি। এতে স্বাই বলল, আমরা তোমার ব্যাপারে ভয় পাচ্ছি। বরং আমরা এমন একজন ব্যক্তিকে চাচ্ছি, যাদের গোত্র আছে। যারা তাকে রক্ষা করবে। তখন তিনি বললেন, আমাকে ছাড়ুন! আল্লাহ আমাকে রক্ষা করবেন। অতঃপর ইবনু মাসউদ পরদিন স্কালে কিছু বেলা উঠার পর কুরায়েশদের ভরা মজলিসে এসে দাঁড়ান। অতঃপর উচ্চ কণ্ঠে 'বিসমিল্লাহ' বলে সূরা রহমান পড়তে শুরু করেন। তখন তারা বলে উঠল, তার কিছু পাঠ করছে। তখন স্বাই তার উপরে ঝাঁপিয়ে পড়ল এবং তার মুখে মারতে শুরু করল। এভাবে প্রহৃত হয়ে ইবনু মাসউদ তার সাথীদের নিকটে ফিরে এলেন। তখন সাথীরা তাকে বললেন, তোমার ব্যাপারে আমরা এটাই ভয় করেছিলাম। ইবনু মাসউদ বললেন, আল্লাহর শক্ররা এখন আমার কাছে সহজ হয়ে গেছে। যদি আপনারা চান কাল স্কালে আবার গিয়ে আমি তাদের কুরআন শুনাব। সাথীরা বললেন, না। যথেষ্ট হয়েছে। তারা যা পসন্দ করেনা তুমি তাদেরকে তাই শুনিয়েছ'।[1] উল্লেখ্য যে, ইবনু মাসউদ (রাঃ) মক্কায় ওকবা বিন আবু মুখ্আইত্বের বকরীর রাখাল ছিলেন (আল-বিদায়াহ ৬/১০২)।

## ফুটনোট

[1]. ইবনু হিশাম ১/৩১৪-১৫; আছার ছহীহ (তাহকীক ইবনু হিশাম ক্রমিক ৩০৩)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5252

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন